# সমঝোতা স্মারক

## যুব উন্নয়ন অধিদপ্তর এবং ব্র্যাক

জুন ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কচ ৮৩৫৬৬৬৩

সমঝোতা স্মারক

**(Memorandum of Understanding)**

যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এবং

ব্র্যাক

৭৫, মহাখালি, ঢাকা।

জুন ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খ৮ ৮২০০০০৩

## যুব উন্নয়ন অধিদপ্তর ও ব্র্যাক এর মধ্যে সমঝোতা স্মারক
## (Memorandum of Understanding)

বাংলাদেশ সরকারের যুব উন্নয়ন অধিদপ্তর (১ম পক্ষ) দেশের যুবসমাজের উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ অধিদপ্তর, যার ঠিকানা-যুব ভবন, ১০৮ মতিঝিল বা /এ, ঢাকা-১০০০। এ অধিদপ্তর আত্মকর্মসংস্থানে উৎসাহী যুবদেরকে বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ এবং আর্থিক সহায়তা প্রদান করে থাকে। দেশের যুব সম্প্রদায়কে দক্ষ মানবসম্পদে পরিণত করে উন্নয়নের মূল স্রোতধারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর ৬৪টি জেলায় প্রতিষ্ঠানিক ও ৪৯৫টি উপজেলায় (১০টি মেট্রোপলিটান ইউনিট থানাসহ) অপ্রাতিষ্ঠানিক কোর্সে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে এবং প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা দিয়ে উৎপাদনমুখী আয়সঞ্চারনমূলক কাজে নিয়োজিত করে তাদেরকে সফল আত্মকর্মী হিসেবে প্রতিষ্ঠিত করতে কাজ করে যাচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তর শুরু থেকে এ পর্যন্ত মোট ৪২,৮৮,০৩৮ জন যুবক ও যুবমহিলাকে বিভিন্ন ট্রেডে স্বল্প ও দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণ দিয়েছে। এদের মধ্যে ২০,০৪,১১২ জন আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হয়েছে। আত্মকর্মী যুবদের মধ্যে ৮,১৮,১৮৪ জন যুব উন্নয়ন অধিদপ্তর হতে ঋণ সুবিধা গ্রহণ করে সমাজে প্রতিষ্ঠিত হতে পেরেছে।

বাংলাদেশের যুবসম্প্রদায় দেশের মোট জনসংখ্যার এক-তৃতীয়াংশ। এ দেশের অনেকেই দক্ষতার অভাবে বেকারত্বের শিকার। যুবদের বেকারত্ব মোচনের জন্য এবং তাদেরকে স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য যুব উন্নয়ন অধিদপ্তর বিভিন্ন ধরনের কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। সরকারের এই কর্মসূচির সফল বাস্তাবায়নে সক্রিয় সহযোগিতা দেয়ার জন্য ব্র্যাকও কাজ করতে আগ্রহী।

১৯৭২ সাল থেকে ব্র্যাক (২য় পক্ষ), যার ঠিকানা-৭৫ মহাখালী, ঢাকা-১২১২ দারিদ্র্য বিমোচনসহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। সেই ধারাবাহিকতায় ১৯৯৫ সাল থেকে স্থানীয় জনগণের সহযোগিতায় ব্র্যাক গ্রামগঞ্জে গণকেন্দ্র (Multi-purpose Community Learning Centre) পরিচালনা করছে। এর মাধ্যমে মানবসম্পদের উন্নয়নের জন্য পাঠাভ্যাস তৈরী, বিভিন্ন দক্ষতামূলক প্রশিক্ষণ, খেলাধুলা ও বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক কার্যাবলী বাস্তবায়ন করা হয় এবং সকল ক্ষেত্রেই অগ্রাধিকার ভিত্তিতে অধিক সংখ্যক মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করা হয়। যুব উন্নয়ন অধিদপ্তর এবং ব্র্যাক এর যৌথ উদ্যোগে স্থানীয়ভাবে যুবসম্প্রদায়কে এ প্রশিক্ষণের ব্যবস্থা করলে গ্রামীণ যুবসম্প্রদায় প্রশিক্ষণ গ্রহণ করে উপকৃত হবে। এ লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর এবং ব্র্যাক এর মধ্যে যৌথ উদ্যোগে ব্র্যাকের গণকেন্দ্রের সদস্য-সদস্যাদের প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত ০৯-০১-২০১২ তারিখে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় এবং সফলতার সাথে তা বাস্তবায়ন করা হয়। ফলে গণকেন্দ্রের সাথে সম্পৃক্ত স্থানীয় যুবসম্প্রদায় বিভিন্ন দক্ষতামূলক প্রতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ পেয়ে নিজেদের বিভিন্ন আয় বর্ধনমূলক কাজে সম্পৃক্ত করে সার্বিকভাবে উপকৃত হচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তর এবং ব্র্যাক এর যৌথ উদ্যোগে এই কার্যক্রম আরও সম্প্রসারণ, কার্যকরী ও গতিশীল করার লক্ষ্যে ০২-০৬-২০১৫ তারিখে পুনরায় এ সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়।

### সমঝোতা স্মারকের উদ্দেশ্যাবলী ঃ

১। বেকার যুবদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে স্থানীয় চাহিদার ভিত্তিতে বিভিন্ন দক্ষতামূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং ব্র্যাক সংশ্লিষ্ট যুবদের প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে অংশগ্রহণ বৃদ্ধি করা।

২। যুবমহিলাদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

৩। প্রশিক্ষণান্তে আত্মকর্মসংস্থানে নিয়োজিত করার লক্ষ্যে উদ্বুদ্ধকরণ ও সহায়তাদানের ব্যবস্থা করা।

৪। যুবদের নেতৃত্ব বিকাশ ও মানবীয় গুণাবলী অর্জনে বিভিন্নমুখী পদক্ষেপ গ্রহণ করা।

৫। প্রশিক্ষণপ্রাপ্তদের রিফ্রেশার্স প্রশিক্ষণের ব্যবস্থা করা।

৬। সমাজসেবামূলক বিভিন্ন কর্মকান্ডে যুবদের নিয়োজিত করা।

### যৌথ প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তরের করণীয় ঃ

ক) প্রতিবছর সারাদেশ থেকে গণকেন্দ্রের আনুমানিক ১০,০০০ (দশ হাজার) সদস্য-সদস্যাবৃন্দকে যুব উন্নয়ন অধিদপ্তর প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক বিভিন্ন বিষয়ে দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদানে অন্তর্ভুক্ত করবে, এর মধ্যে কমপক্ষে ৩,০০০ জনের প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ থাকবে। উল্লিখিত প্রশিক্ষণার্থীদের ন্যূনপক্ষে অর্ধেক হবে মহিলা।

খ) অর্থবছরের শুরুতে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক উভয় প্রকার প্রশিক্ষণের চাহিদার ভিত্তিতে অধিদপ্তরের নিকট ব্র্যাক প্রশিক্ষণার্থীর সংখ্যা অবহিত করবে এবং সে অনুযায়ী অধিদপ্তর প্রশিক্ষণ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে।

গ) প্রশিক্ষণার্থী (প্রাতিষ্ঠানিক) নির্বাচনের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর ব্র্যাক গণকেন্দ্রের সদস্যদের অন্তর্ভুক্তির বিষয় বিবেচনা করবে।

ঘ) আত্মকর্মসংস্থানের জন্য অধিদপ্তরের বাজেট সংকুলান হওয়া সাপেক্ষে প্রশিক্ষণপ্রাপ্তদেরকে অধিদপ্তরের বিধি বিধান মোতাবেক ঋণ কর্মসূচির আওতাভুক্ত করবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

ঢ২০০০০৪

**যৌথ প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নে ব্র্যাকের করণীয় ঃ**

ক) ব্র্যাক গণকেন্দ্রের আগ্রহী ও উৎসাহী যুব সদস্য-সদস্যাদের প্রশিক্ষণের জন্য অধিদপ্তরে নাম প্রেরণ করবে।

খ) গণকেন্দ্রের সদস্য-সদস্যাদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য পারস্পরিক যোগাযোগের ভিত্তিতে ব্র্যাক প্রশিক্ষণ ভেন্যুর ব্যবস্থা করবে।

গ) গণকেন্দ্রের সদস্য-সদস্যাদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য ব্র্যাক প্রশিক্ষণ উপকরণের (খাতা, কলম, অন্যান্য) ব্যবস্থা করবে।

ঘ) ব্র্যাকের সদস্য-সদস্যাগণ যুব উন্নয়ন অদিদপ্তর হতে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণের পর প্রশিক্ষণপ্রাপ্তদেরকে ব্র্যাকের অধীনে কর্মসংস্থানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করবে।

ঙ) ব্র্যাক নিজস্ব ঋণ কর্মসূচি (ব্র্যাক-মাইক্রোফিন্যান্স) এর অধীনেও ঋণ প্রদানের যথাযথ উদ্যোগ গ্রহণ করবে।

চ) ব্র্যাক গণকেন্দ্রের প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যদের সতেজীকরণের জন্য চাহিদাভিত্তিক রিফ্রেশার্স প্রশিক্ষণের জন্য ভেন্যুর ব্যবস্থা করবে এবং অধিদপ্তর প্রশিক্ষণের ব্যবস্থা করবে। উপকরণ ও রিফ্রেশার্স প্রশিক্ষণ খরচ ব্র্যাক বহন করবে।

ছ) ব্র্যাক প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যদেরকে নিয়ে ফলোআপ সভার ব্যবস্থা করবে। ঐ সভায় অধিদপ্তরের কর্মকর্তাগণকে আমন্ত্রণ জানাবে।

**কর্মসূচি বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তর ও ব্র্যাক এর যৌথভাবে করণীয় ঃ**

১. বাৎসরিক যুব উৎসবসহ জেলা ও উপজেলা পর্যায়ে উদ্‌যাপিত অধিদপ্তর আয়োজিত বিভিন্ন কর্মসূচি ও অনুষ্ঠানে গণকেন্দ্রের সদস্যদের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে ব্র্যাক ও অধিদপ্তর যৌথভাবে কাজ করবে।

২. সফল আত্মকর্মীদের নিয়ে ব্র্যাক ও অধিদপ্তর যৌথভাবে বছরে একবার কোন সুবিধাজনক স্থানে সমাবেশের আয়োজন করবে। তাদের সফলতার কেইস স্টাডি সংগ্রহ ও সংরক্ষণ করবে।

৩. প্রশিক্ষিত যুবদের বাণিজ্যিক ব্যাংক হতে সহজ শর্তে ঋণ প্রাপ্তির জন্য যুব উন্নয়ন অধিদপ্তর ও ব্র্যাক যৌথভাবে কাজ করবে।

৪. কর্মসূচি বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তর প্রতিবছর একবার উভয় পক্ষের কর্মকর্তাদের মধ্যে মাঠ পর্যায়/ কেন্দ্রীয়ভাবে সমন্বয় সভা অনুষ্ঠানের আয়োজন করবে। সমন্বয় সভা আয়োজনের সকল খরচ ব্র্যাক বহন করবে। তবে সাভার ও বগুড়ায় সমন্বয় সভা অনুষ্ঠানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর ভেন্যু এবং আবাসনের ব্যবস্থা করবে।

৫. এ সমঝোতা স্মারক স্বাক্ষরের তারিখ হতে **পরবর্তী তিন বছর কার্যকর থাকবে।** তবে উভয় পক্ষের সম্মতিতে এ সমঝোতা স্মারকের মেয়াদ বৃদ্ধি করা যাবে। প্রয়োজনে উভয় পক্ষ আলোচনাপূর্বক সমঝোতার মাধ্যমে নতুন শর্তাবলী সংযোজন বা বিয়োজন করতে পারবে।

**যুব উন্নয়ন অধিদপ্তর ও ব্র্যাক এর ফোকাল পয়েন্ট ঃ**

এ সমঝোতা স্মারক সুষ্ঠুভাবে বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে পরিচালক (পরিকল্পনা) এবং ব্র্যাক এর পক্ষে সিনিয়র ম্যানেজার, কন্টিনিউইং এডুকেশন, ব্র্যাক শিক্ষা কর্মসূচি ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন।

উল্লেখিত শর্তাবলী বিবেচনাপূর্বক উভয় পক্ষই একমত হয়ে **অদ্য ০২-০৬-২০১৫** তারিখে এ সমঝোতা স্মারক স্বাক্ষর করলাম।

ব্র্যাক এর পক্ষে

০২/৬/১৫

**(ড. শফিকুল ইসলাম)**

পরিচালক
ব্র্যাক শিক্ষা কর্মসূচি
ব্র্যাক সেন্টার

যুব উন্নয়ন অধিদপ্তর বাংলাদেশ-এর পক্ষে

০২.৬.২০১৫

**(আনোয়ারুল করিম)**

মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

সাক্ষিঃ

১. TAHSIN AH AHMED

২. MD. MONOWER HOSSAIN KHANDKER

সাক্ষি ঃ

১.

২.